

তারিখ
 পৃষ্ঠা

**বাউফলে ছাত্র শিক্ষক অভিভাবকদের বিক্ষোভ মিছিল
 অপহরণ করতে না পেরে ৪ স্কুল
 ছাত্রীকে পিটিয়েছে দুর্বৃত্তরা**

বাউফল থেকে সংবাদদাতা: গতকাল সোমবার সকাল ৯টায় বাউফল সদর থেকে প্রায় ৪ কিলোমিটার দূরে কনকদিয়া এস.এ হাইস্কুল ও কনকদিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৪ ছাত্রীকে অপহরণে ব্যর্থ হয়ে দুর্বৃত্তরা ছাত্রীদের ও বাহাদানকারীদের বেধড়ক মারধর করে। এতে আহত ৪ ছাত্রীসহ ৫ জনকে বাউফল হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনার প্রতিবাদে ওই স্কুলের ছাত্রছাত্রীরা গতকাল ক্লাস বর্জন করেছে এবং ছাত্রছাত্রী, শিক্ষক ও অভিভাবকরা বিক্ষোভ মিছিল করে।

পাতালে ভর্তি করা হয়েছে। এলাকার লোকজন ছাত্রীদের অত্যাচার অবস্থায় রিকশায় করে বাউফল হাসপাতালে ভর্তি করে। ওই স্কুলের প্রধান শিক্ষক ইসমাইল মিয়া ৯ দুর্বৃত্তকে আসামি করে বাউফল থানায় অপহরণ মামলা করেছেন। এদিকে ওই সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়েছে বাউফল থানা মাধ্যমিক শিক্ষক সমিতি। তারা সন্ত্রাসীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে।

আহতদের মধ্যে রয়েছে কুমুর (১০ম শ্রেণী), নূপুর (৮ম শ্রেণী), লীলা (১০ম শ্রেণী) ও শিমুল (৯ম শ্রেণী)। প্রথমোক্ত ৩ জন কনকদিয়া এস.এ হাইস্কুলের ছাত্রী, শেষের জন কনকদিয়া বালিকা বিদ্যালয়ের ছাত্রী।

প্রত্যক্ষদর্শী ও থানা সূত্রে জানা যায়, এলাকার কতিপয় বখাটে যুবক ওই ছাত্রীদের অনেকদিন ধরে উত্ত্যক্ত করে আসছে। এমনকি বিয়ের প্রস্তাব দিয়ে ব্যর্থ হয়েছে। ওই ছাত্রীরা একত্রে স্কুলে যাওয়ার পথে সন্ত্রাসীরা সংঘবদ্ধ হয়ে তাদের অপহরণের চেষ্টা চালিয়ে ব্যর্থ হয়ে হকিস্টিক ও লাঠি দিয়ে উপর্যুপরি পিটায়। ছাত্রীদের চিৎকারে এলাকার লোকজন এসে পড়লে সন্ত্রাসীরা পালিয়ে যায়। যাওয়ার পথে খলিল নামে এক ব্যক্তিকে পিটিয়ে আহত করে। খলিলকেও বাউফল হাস-